| প্রকৃতি কন্যা সিলেট |
|---|

| উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র |
|---|

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
স্থানীয় সরকার শাখা
www.sylhet.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.১৯-৪০১ (১০)

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪২৬
৯ জুন ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর ০৫ মে, ২০১৯ তারিখের ৪৬.০১৭.০১১.০০.০০.০০১.২০১১ (অংশ-১)-১৪১ নম্বর স্মারকে জারীকৃত ছাড়পত্র মোতাবেক সিলেট জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে ইউপি সচিবের শূণ্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগ/প্যানেল তৈরির জন্য সিলেট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদন মডেল ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | পদের সংখ্যা | বেতনক্রম | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ইউনিয়ন পরিষদ সচিব | ৬ (ছয়) টি | জাতীয় বেতন স্কেল-২০১৫ মোতাবেক ১৪ তম বেতন গ্রেড ১০,২০০/--২৪,৬৮০/- (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% হারে বেতন-ভাতা প্রাপ্য হবেন। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী |

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সিলেট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফরমটি সিলেট জেলার ওয়েব সাইট (www.sylhet.gov.bd) এর নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

০৩। প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র, সকল শিক্ষাগত সনদের সত্যায়িত অনুলিপি এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৪। প্রার্থীর বয়স ১০ জুলাই, ২০১৯ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৫। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা-এর ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সিল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

০৬। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপরে লিখতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।

০৭। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

০৮। চাকুরীর বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

০৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। আবেদনপত্রের সাথে যে কোন তফসীলি ব্যাংক হতে জেলা প্রশাসক, সিলেট এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

১১। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১২। প্রার্থীকে নির্বাচনী (লিখিত ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৪। নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে নিজ নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাক টিকেট সংযুক্ত (যে ঠিকানায় ইন্টারভিউ কার্ড পেতে ইচ্ছুক) ৯ ইঞ্চি × ৪ ইঞ্চি সাইজের খামে সংযুক্ত করতে হবে।

১৫। আবেদনপত্র আগামী ১০ জুলাই, ২০১৯ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌঁছাতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। এ ছাড়াও নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে।

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট
ফোন : ০৮২১-৭১৬১০০
ই-মেইল : dcsylhet@gmail.com

স্মারক নম্বর- ০৫.৪৬.৯১০০.০০৯.১১.০০১.১৯-৪০১ (১০)

তারিখ : ২৬ জ্যৈষ্ঠ ১৪২৬
৯ জুন ২০১৯

অনুলিপি :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট

০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট

০৪। জেলা প্রশাসক------------------------(সকল)

০৫। জেলা----------------------------------কর্মকর্তা (সকল), সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। চেয়ারম্যান (সকল)-----------------------উপজেলা পরিষদ, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)------------------------সিলেট।তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৮। মেয়র (সকল)----------------------পৌরসভা, সিলেট। তাকে বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানিয়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। সহকারি প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। তাকে বিজ্ঞপ্তি ও মডেল আবেদন ফরমটি জেলার ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক আমাদের সময়/ দৈনিক উত্তরপূর্ব/ The New Nation। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের লক্ষ্যে তার পত্রিকার ভিতরের পাতায় ক্ষুদ্র পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক
সিলেট
ফোন : ০৮২১-৭১৬১০০
ই-মেইল : dcsylhet@gmail.com